

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ঔষধ প্রশাসন অধিদপ্তর  
ঔষধ ভবন, মহাখালী  
ঢাকা-১২১২।

www.dgda.gov.bd

স্মারক নং-ডিজিডিএ/ইনোভেশন-১২৭/অংশ/১৩/ ১৪০৪৯

তারিখঃ ২৫/০৭/২০২১

বরাবর

প্রধান নির্বাহী কর্মকর্তা

মেসাস টেকনোভিস্তা লিমিটেড

বাসা-০৪, সড়ক ০৯/বি, নিকুঞ্জ-১, ঢাকা-১২২৯।

বিষয়ঃ ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য নির্মিত ওয়েবপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশন হস্তান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, “অনলাইন ভিত্তিক ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ সনাক্তকরণ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ ব্যবস্থাপনা “ শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় আপনার প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত ওয়েবপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশন এর হস্তান্তর বিষয়ক একটি পত্র গত ২৭/০৬/২০২১ তারিখে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। এটুআই প্রোগ্রামের অধীন “সার্ভিস ইনোভেশন ফান্ডের” অর্থায়নে সম্পন্নকৃত এই উদ্ভাবনী পাইলট উদ্যোগের পরিপূর্ণ সমাপ্তিকরণের নিমিত্তে আগামী ২৬/০৭/২০২১ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় একটি ভারুয়াল সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উক্ত সভায় (Zoom Meeting ID : 73407539370 Passcode : SIF154) আপনার প্রতিষ্ঠানের ন্যূনতম ২ (দুই) জন প্রকল্প সংশ্লিষ্ট উপযুক্ত প্রতিনিধি-কে এই সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

Agenda:

- ১) User acceptance Test/Training
- ২) প্রকল্প হস্তান্তর সম্পন্নকরণের রুপরেখা নির্ধারণ।
- ৩) পরবর্তী রক্ষণাবেক্ষণ।

মোঃ আইয়ুব হোসেন

পরিচালক (চলতি দায়িত্ব)

ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-ডিজিডিএ/ইনোভেশন-১২৭/অংশ/১৩/ ১৪০৪৯

তারিখঃ ২৫/০৭/২০২১

বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

- ১) জনাব মোঃ আসরাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ২) জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব, প্রশাসন-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩) জনাব রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৪) জনাব মোঃ রাজিবুল হাবিব, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৫) জনাব মোঃ মুহিদ ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, পটুয়াখালী।
- ৬) জনাব এ. টি. এম গোলাম কিবরিয়া খান, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৭) জনাব নাহিন আল আলম, ঔষধ পরিদর্শক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৮) জনাব মাহমুদুল হাসান সোহাগ, প্রজেক্ট স্পেশালিস্ট, এটুআই।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

পরিচালক(চলতি দায়িত্ব)

ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**Government of the People's Republic of Bangladesh**  
**Directorate General of Drug Administration**  
**Aushadh Bhaban**  
**Mohakhali, Dhaka-1212, Bangladesh**

ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য নির্মিত  
ওয়েবপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশন শীর্ষক উদ্ভাবনী প্রকল্পের হস্তান্তর বিষয়ক অনলাইন সভার কার্যবিবরণী

<b>Meeting Minutes</b>	<b>Chairperson</b>	মোঃ আইয়ুব হোসেন, পরিচালক(চলতি দায়িত্ব), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
	<b>Date</b>	২৬ জুলাই ২০২১
	<b>Time</b>	সকাল ১১.৩০ ঘটিকা
	<b>Venue</b>	<b>Zoom Meeting ID : 73407539370</b>
	<b>Minutes Taken By</b>	রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
	<b>Minutes Reviewed By</b>	মোঃ আশরাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা

<b>Attendees</b>	<ol style="list-style-type: none"><li>১) মোঃ আইয়ুব হোসেন, পরিচালক (চলতি দায়িত্ব), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</li><li>২) জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব, প্রশাসন-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।</li><li>৩) জনাব মোঃ আসরাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</li><li>৪) জনাব রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।</li><li>৫) জনাব মোঃ মুহিদ ইসলাম, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, পটুয়াখালী।</li><li>৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, টেকনোভিস্তা লিমিটেড, ঢাকা</li><li>৭) মামুনুল বারী সোহেল, সিনিয়র ম্যানেজার, টেকনোভিস্তা লিমিটেড, ঢাকা</li><li>৮) আরিফ হোসেন, সফটওয়্যার ডেভেলপার, টেকনোভিস্তা লিমিটেড, ঢাকা</li><li>৯) জনাব মাহমুদুল হাসান সোহাগ, প্রজেক্ট স্পেশালিস্ট, এটুআই প্রোগ্রাম, আইসিটিডি, ঢাকা।</li></ol>
------------------	--

<b>Agenda</b>	<b>No.</b>	<b>Meeting Topics</b>
	ক)	User acceptance Test/Training workshop আয়োজন।
	খ)	সার্বিক অগ্রগতি পর্যালোচনা ও সোর্স কোড গ্রহণপূর্বক প্রকল্প হস্তান্তর সম্পন্নকরণের রূপরেখা নির্ধারণ।
	গ)	পরবর্তী Maintenance / রক্ষণাবেক্ষণ পরিকল্পনা।

**Discussions: main discussions in Short form (if required)**

—লাইন সভার শুরুতেই সভাপতি জনাব মোঃ আইয়ুব হোসেন, পরিচালক এবং ইনোভেশন অফিসার, ঔষধ প্রশাসন অধিদপ্তর বিভিন্ন সংস্থা হতে সংযুক্ত কর্মকর্তাগণ সহ সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। চলমান কোভিড পরিস্থিতির কারণে সভার আয়োজন অনলাইনে করা হয়েছে মর্মে জানান। তিনি আজকের সভা আয়জনের প্রেক্ষাপট ও পটভূমি হিসেবে এটুআই প্রোগ্রামের অধীন “সার্ভিস ইনোভেশন ফান্ডের (রাউন্ড - ০৪, প্রজেক্ট আইডি-১৫৪৪)” অর্থায়নে সম্পন্নকৃত ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য ওয়েবপোর্টাল (<http://103.48.16.179>) ও মোবাইল অ্যাপ্লিকেশন (DGDA Drug Verification) শীর্ষক উদ্ভাবনী প্রকল্পটির বর্তমান অবস্থা সম্পর্কে সকলকে অবহিতকরণের জন্য জনাব মো মুহিদ ইসলাম কে নির্দেশ প্রদান করেন।

সভার সভাপতি মহোদয় কে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক জনাব মো মুহিদ ইসলাম জানান যে, উদ্ভাবনী এই উদ্যোগের প্রস্তাবিত সফটওয়্যার এর প্রাথমিক নির্মাণ কাজ বিগত নভেম্বর ২০১৮ সালে সম্পন্ন হয়। পরবর্তীতে স্বেচ্ছায় অংশগ্রহণে ইচ্ছুক ১৬ টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাজারজাতকৃত ন্যূনতম ০২ (দুই)টি করে সর্বমোট ৩৭ (সাতত্রিশ) টি ঔষধ-কে পাইলট কার্যক্রমের আওতাভুক্ত করত: প্রায় ০৩ মাস ব্যাপী পাইলট কার্যক্রম জানুয়ারী ২০১৯ হতে পরিচালিত হয়। উক্ত কার্যক্রম সম্পন্নকরণের পর বাস্তবায়নকালীন শিখন, চ্যালেঞ্জ, ফলাফল ও ভবিষ্যৎ সম্ভাবনা যাচাই করত স্কেল-আপ যোগ্য উদ্যোগ সমূহ নির্বাচনের নিমিত্তে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক আয়োজিত “শোকেসিং কর্মশালা -২০১৯” এ অংশগ্রহণের জন্য মনোনীত হয়। কর্মশালার সম্মানিত বিচারকগণ কর্তৃক নির্বিড় পর্যবেক্ষণ এবং পর্যালোচনার মাধ্যমে উদ্যোগ গুলির সম্ভাব্যতা নিরূপণ শেষে প্রকাশিত ফলাফলে এই প্রকল্প টি দেশব্যাপী স্কেল-আপের জন্য নির্বাচিত ০৫ টি প্রকল্পের এক টি হিসেবে সুপারিশপ্রাপ্ত হয়। স্কেল-আপের নিমিত্তে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের নির্দেশনা মোতাবেক বিভিন্ন রূপ প্রাথমিক পরিকল্পনা ( ডিভিশনাল শোকেসিং) প্রনয়ণ ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ এবং সার্বিক প্রস্তুতি গ্রহণকালীন সময়ে কোভিড-১৯ মহামারীর দরুণ তা বাধাগ্রস্ত হয়।

তিনি আরও জানান যে চলমান কোভিড-১৯ মহামারী দক্ষতার সাথে সুপারিকল্পিতভাবে মোকাবেলার অংশ হিসেবে দেশব্যাপী বিগত ফেব্রুয়ারী ০৭, ২০২০ তারিখ হতে দেশব্যাপী টিকা প্রদান কার্যক্রম এর শুরু থেকেই টিকা গ্রহণকারীগণের উপর নিরবিচ্ছিন্ন পর্যবেক্ষণের নিমিত্তে এই প্রকল্পের আওতায় নির্মিত **ADR Reporting System upgrade/improvisation** এর মাধ্যমে জাতীয় কোভিড -১৯ এইএফআই প্রোটোকল মোতাবেক অনলাইন ভিত্তিক কোভিড-১৯ ভ্যাক্সিনেশন AEFI রিপোর্টিং চালু (<http://103.48.16.179/Orhttps://covid19pv.dgda.gov.bd>) করা হয়। টেকনোভিস্তা লিমিটেড কর্তৃক নিরন্তর সহযোগীতা এবং উন্নয়ন সহযোগী সংস্থার বিশেষজ্ঞগণ এর মাধ্যমে এ বিষয়ে অনলাইনে টিকাদান কেন্দ্র সংশ্লিষ্ট প্রায় ১৩৭৫ জন physicians / responsible officials গণকে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে অদ্যাবধি National COVID-১৯ Vaccination AEFI Reporting Portal এর কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে।

এমতাবস্থায় সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান মেসার্স টেকনোভিস্তা লিমিটেড কর্তৃক এই প্রকল্পের নির্মাণ কার্যাদি সম্পন্ন ও রক্ষণাবেক্ষণ সময়কাল অতিবাহিত হবার দরুণ তারা হস্তান্তর প্রক্রিয়া সম্পন্নকরণের নিমিত্তে অনুরোধ (পত্র-মারফত) করেছেন।

এ পর্যায়ে প্রকল্পের সুচারুরূপ সমাপ্তির লক্ষ্যে হস্তান্তর প্রক্রিয়ার আওতাধীন কার্যাদির বিষয়ে সকল কে অবহিতকরণের জন্য এটুআই প্রোগ্রামের প্রজেক্ট স্পেশালিস্ট জনাব মাহমুদুল হাসান সোহাগ কে অনুরোধ জানালে তিনি প্রথমেই নির্মাতা প্রতিষ্ঠান এর নিকট আপডেটেড ইউজার ম্যানুয়াল প্রস্তুতপূর্বক হস্তান্তর এবং একই সাথে সে মোতাবেক উপযুক্ত প্রশিক্ষনার্থী মনোনয়ন / নির্বাচন করত **User Acceptance Test/Training (UAT) workshop** আয়োজন সম্পন্নকরণের বিষয়ে আলোকপাত করেন। উক্ত কর্মশালার শেষে একটি প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয়তা সম্পর্কে নির্মাতা প্রতিষ্ঠান কে অবহিত করেন। একই সাথে প্রকল্প হস্তান্তরের নিমিত্তে ঔষধ প্রশাসনের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সহ প্রয়োজনে অন্য দপ্তর/সংস্থার আইটি বিশেষজ্ঞগণ কেও অন্তর্ভুক্ত করত কমিটি গঠন করতে হবে মর্মে জানান। এই কমিটির সদস্যবৃন্দ কর্তৃক অবশ্যিকভাবে সফটওয়্যার এর সোর্স কোড সহ সকল ফিচার সমূহ যাচাই/পর্যালোচনা সম্পন্নকরণ এর মাধ্যমে এই প্রকল্পের সমাপ্ত করা যেতে পারে।

প্রকল্পের পরবর্তী রক্ষণাবেক্ষণ বিষয়ে তিনি বলেন, মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বাৎসরিক ইনোভেশন কর্মপরিকল্পনায় নির্দেশিত **অর্থনৈতিক কোড-৩২৫৭১০৫** এ অর্থ বরাদ্দকরণ সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদন গ্রহণ পূর্বক এর ব্যয় নির্বাহ করা যেতে পারে। এছাড়াও আইসিটি বিভাগ কর্তৃক প্রণীত সর্বশেষ আইসিটি নীতিমালা এর নির্দেশনার আলোকে এবং **Public Procurement Rules** — এর নবম অধ্যায় এ বর্ণিত বিভিন্ন পন্থা অনুসরণ করত রক্ষণাবেক্ষণ ও মানোন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ের পূর্বানুমোদন সাপেক্ষে স্থায়ীভাবে বিষয়টির সমাধান করা যেতে পারে।

পরিশেষে তিনি সভায় উপস্থিত টেকনো ভিস্তা লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তাকে চলমান কোভিড-১৯ মহামারী সময়ে দেশব্যাপী গণ টিকাদান কর্মসূচির প্রারম্ভে এই প্রকল্পের গুরুত্বপূর্ণ ফিচার “Adverse Drug Reaction (ADR) Reporting” এর আপগ্রেড করত National COVID-19 AEFI Protocol মোতাবেক COVID-19 Vaccination AEFI/AESI Portal নির্মাণের জন্য। অত্র দপ্তরের মহাপরিচালক মহোদয়ের সুচিন্তিত সিদ্ধান্ত দিক নির্দেশনা এর ফলে কোনরূপ অর্থ ব্যয় ব্যতীত সাহসী এই পদক্ষেপের সফল বাস্তবায়নে International Telecommunication Union (ITU) এর **WSIS Stocktaking Series: The Coronavirus Response – ICT Case Repository** ২০২১ সালে প্রকাশিত প্রতিবেদনে বিশ্বব্যাপী তালিকাভুক্ত সর্বমোট ৭০ টি (Government Category) প্রশংসিত পদক্ষেপ সমূহের মাঝে স্থান পেয়েছে।

সভার সভাপতিসহ উপস্থিত সকল ব্যক্তিবর্গের নিকট টেকনো ভিস্তা লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, জাতির এই দুর্যোগকালীন সময়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় কর্তিক গৃহীত সিদ্ধান্তের সফল বাস্তবায়নের নিমিত্তেই তারা এই প্রকল্পের আওতায় **National COVID-19 Vaccination AEFI Reporting** সুবিধার সংযোজন এর বিষয়টি নিশ্চিত করেছেন। এছাড়াও দ্রুততম সময়ের মাঝে আপডেটেড ম্যানুয়াল প্রস্তুত করত প্রশিক্ষণ সম্পন্নকরণের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। উক্ত কার্যক্রম সম্পন্নকরণের নিমিত্তে তিনি সভার সভাপতির নিকট চূড়ান্ত তারিখ ও সময় নির্ধারণের অনুরোধ জানান। প্রকল্পের হস্তান্তর প্রক্রিয়া সম্পাদন শেষে প্রয়োজনে পরবর্তী রক্ষণাবেক্ষণ প্রস্তাবনা প্রেরণের আগ্রহ প্রকাশ করেন।

সভার সভাপতি এ পর্যায়ে, প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে যুক্ত জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব-কে এই এই প্রকল্পের টেকসই মানোন্নয়ন এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রস্তাবিত বিভিন্ন পদ্ধতি হতে সর্বোত্তম পন্থা এর নির্ধারণ, অনুসরণ এবং ব্যয় নির্বাহের বিষয়ে সহযোগিতার অনুরোধ জানালে তিনি প্রকল্পের সার্বিক বিষয়াদি পর্যালোচনা সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

জনাব আশরাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর বলেন স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সহ বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হতে প্রার্থিত সহযোগিতা নিশ্চিত কল্পে এই প্রকল্পের হস্তান্তরকালীন সময়ে অদ্যাবধি অর্জনসমূহ, আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত মন্তব্য /মতামত সমূহ সন্নিবেশ পূর্বক সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করত তা ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের পূর্বানুমোদন সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন অফিসার বরাবর প্রেরণ করা যেতে পারে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাই কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

No.	New Actions/ Decisions	Responsibilities	Deadline
১.	মেসার্স টেকনোভিস্তা লিমিটেড <del>আপগ্রেড</del> এর আপডেটেড ইউজার ম্যানুয়াল প্রস্তুতপূর্বক ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করবে।	Technovista	২০ আগস্ট, ২০২১
২.	ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রশিক্ষণার্থী হিসেবে উপযুক্ত কর্মকর্তাগণ কে মনোনয়ন / নির্বাচন করত User Acceptance Test/Training (UAT) workshop আয়োজন এর তারিখ এবং স্থান নির্ধারণ করত UAT সম্পন্ন করত হবে।	DGDA	সেপ্টেম্বর ২৬, ২০২১
৩.	UAT কর্মশালার শেষে একটি প্রতিবেদন প্রস্তুত করত: ঔষধ প্রশাসন অধিদপ্তরে দাখিল করতে হবে।	Technovista	সেপ্টেম্বর ৩০, ২০২১

No.	New Actions/ Decisions	Responsibilities	Deadline
৪.	প্রকল্প হস্তান্তরের নিমিত্তে ঔষধ প্রশাসনের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সহ প্রয়োজনে অন্য দপ্তর/সংস্থার আইটি বিশেষজ্ঞগণ কেও অন্তর্ভুক্ত করত কমিটি গঠন করতে হবে। সফটওয়্যার ডেভেলপার জনাব আরিফ হোসেন সহ উক্ত কমিটির সদস্যগণ অত্র দপ্তরে উপস্থিত হয়ে / অনলাইনে কমিটি গঠনের পর হতে পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মাঝে প্রয়োজনীয় যাচাই এবং পর্যালোচনা সম্পন্ন করবে।	DGDA	অক্টোবর ০৭, ২০২১
৫.	প্রকল্পের টেকসই মানোন্নয়ন এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রস্তাবিত বিভিন্ন পদ্ধতি হতে অত্র দপ্তরের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে সর্বোত্তম পন্থা এর নির্ধারণ করত: একটি পরিকল্পনা প্রণয়ন করতে হবে	DGDA	অক্টোবর ৩০, ২০২১

*(Signature)*  
05.08.21

মোঃ আইয়ুব হোসেন

পরিচালক (চলতি দায়িত্ব)

ও

ইনোভেশন অফিসার

*(Signature)* ঔষধ প্রশাসন অধিদপ্তর